গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরুড়া, কুমিল্লা
www.dgfood.gov.bd
food.barura.comilla.gov.bd

স্মারক নং-১৩.০১.১৯০৯.০০১.১৯.০১৩.২৫.                                                    তারিখ      /০৮/২০২৫

## খাদ্য বান্ধব ডিলার নিয়োগ আদেশ

খাদ্য বান্ধব নীতিমালা-২০২৪ এবং সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা স্মারক নং-১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ তারিখ: ১৪/১০/২০২৪ মূলে জারিকৃত নির্দেশনা অনুযায়ী বরুড়া উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচী বাস্তাবায়নের জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। বিজ্ঞপ্তি মোতাবেক প্রাপ্ত আবেদনকারীগণের দোকান সরেজমিনে যাচাই করে ১৯/০১/২০২৫ তারিখে উপজেলা খাদ্য বান্ধব কমিটির সভায় উপস্থাপন করা হয়। চেক লিষ্ট অনুযায়ী আবেদন ও সংযুক্ত রেকর্ডপত্র যাচাই করে একটি তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করা হয়। তুলনামূলক প্রতিবেদন অনুযায়ী উপজেলা খাদ্য বান্ধব কমিটির ১৩/০৮/২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত শর্তে তাদেরকে বরুড়া উপজেলার খাদ্য বান্ধব কার্যক্রমে ডিলার হিসাবে নিয়োগ প্রদান করা হল।

| ক্র. নং | ইউনিয়নের নাম | বিক্রয় কেন্দ্র | ডিলারের নাম ও মোবাইল নম্বার | জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের বিবরণ |
|---|---|---|---|---|
| ১ | আদ্রা | একবাড়িয়া বাজার | ১. জনাব মোঃ শাহপরান, ০১৮৫২৬৩৩৯৩১ | নং-৯৫৮৩০৩৫; তাং-১৪/০৮/২০২৫ |
| ২ | আড্ডা | আড্ডা বাজার | ২. জনাব মোঃ হানিফ, ০১৭৩১২২৬০৯৬ | নং-৯৫৮০৯১৬; তাং-১৪/০৮/২০২৫ |
| ৩ | পয়ালগাছা | বিষ্ণুপুর বাজার | ৩. জনাব আ: মালেক, ০১৭১৯০৪২২৭৬ | নং-৯৫৮৩০৩৬; তাং-১৪/০৮/২০২৫ |
| ৪ | লক্ষীপুর | লক্ষীপুর বাজার | ৪. জনাব মোঃ বিল্লাল হোসেন, ০১৮৩৩৭৬৩০১৬ | নং-৩০৯৯৪৫১; তাং-১৪/০৮/২০২৫ |
| ৫ | শাকপুর | শাকপুর নতুনবাজার | ৫. জনাব আমির হোসেন, ০১৬২৭৩০২৯২৯ | নং-৫৩৬৫০৪৫; তাং-১৪/০৮/২০২৫ |
| ৬ | গালিমপুর | জোড়পুকুরিয়া | ৬. জনাব মুজাম্মেল হোসেন, ০১৬৯০২৯১৬৭২ | নং-৫৩৬৫০৪৪; তাং-১৪/০৮/২০২৫ |
| ৭ | ঝলম | ঝলম বাজার | ৭. জনাব হাজী মোঃ আলী হোসেন, ০১৮৬৪৬০৫৮৭৩ | নং-৯৫৮৩০৩৩; তাং-১৪/০৮/২০২৫ |
| ৮ | ভবানীপুর | বাতাইছড়ি | ৮. জনাব খলিলুর রহমান, ০১৮৯৬৩৩৩৪৫২ | নং-৯৫৮৩০৩৭; তাং-১৪/০৮/২০২৫ |
| | | মন্তুরবাজার | ৯. জনাব আবুল কালাম, ০১৬২১০২৯৮৬৫ | নং-৯৫৮৩০৩৪; তাং-১৪/০৮/২০২৫ |
| ৯ | শিলমুড়ি (দঃ) | বৈচাপুকুরিয়া | ১০. জনাব মোঃ নজরুল ইসলাম, ০১৬১৭৫৩২৭৫৯ | নং-৯৫৮৩০৩২; তাং-১৪/০৮/২০২৫ |
| ১০ | শিলমুড়ি (উঃ) | ডিমডুল | ১১. জনাব কাজী মিজান, ০১৮২৫৫৪৭৮২৩ | নং-৩৬৫৬৩০০; তাং-১৪/০৮/২০২৫ |
| ১১ | খোশবাস উত্তর | রামমোহন বাজার | ১২. জনাব রিয়াজুল ইসলাম, ০১৮৭৮৫৩২১১৫ | নং-৫৩৭৯৬২; তাং-১৪/০৮/২০২৫ |
| ১২ | খোশবাস (দঃ) | মহেশপুর | ১৩. জনাব মোঃ শাহপরান, ০১৭২৬৮৫৫৫৯৫ | নং-৫৩৭৯৩৬৩; তাং-১৪/০৮/২০২৫ |

### শর্তাবলী :

(১) তাকে খাদ্য বান্ধব ডিলার শ্রেণীর লাইসেন্স গ্রহণ করতে হবে;

(২) তাকে অঙ্গীকারনামার এবং নিয়োগপত্রে বর্ণিত যাবতীয় শর্তাবলী মেনে চলতে হবে;

(৩) তালিকাভুক্ত ভোক্তাকে মাসে ৩০ কেজি চাল সরকার নির্ধারিত মূল্যে সরবরাহ করতে হবে, চাল ৩০ কেজি ক্ষমতাসম্পন্ন বস্তায় সরবরাহ করা হবে বস্তার মুখ মেশিনে সেলাইকৃত থাকতে হবে;

(৪) চালের এক্স গুদাম মূল্য, বিক্রয় মূল্য এবং পরিচালন ব্যয় সরকার সময় সময় নির্ধারণ/ পূর্ণ নির্ধারণ করতে পারবে এবং উপকারভোগীদের সুবিধা বিবেচনা করে বিক্রয় কেন্দ্র অর্থাৎ বিক্রয় স্থান পরিবর্তন করতে বাধ্য থাকবেন;

(৫) ডিলারের দোকানের সামনে নির্ধারিত নির্দিষ্ট মানের এবং লাল রং এ লিখিত সাইনবোর্ড টাঙিয়ে রাখতে হবে, সাইনবোর্ডে খাদ্যশস্য বিতরণের দিন পরিমাণ এবং মূল্য উল্লেখ থাকতে হবে;

(৬) তালিকা অনুযায়ী ডিলারকে মাসিক চাহিদার কমপক্ষে অর্ধেক পরিমাণ খাদ্যশস্য মাসের ৭ তারিখের মধ্যে উত্তোলন করতে হবে, সরকারি কোষাগারে ট্রেজারি চালানে টাকা জমা করে উপজেলার গুদাম হতে নির্ধারিত তারিখের মধ্যে খাদ্যশস্যের মান যাচাই, ওজন বুঝে নিয়ে উত্তোলন করবেন এবং বিক্রয় শুরু করবেন;

(৭) সরকারি গুদাম হতে খাদ্যশস্য উত্তোলনের সময় চাল আটার নমুনা গ্রহণ করতে হবে, গুদাম কর্মকর্তা ও ডিলারের যৌথ স্বাক্ষরে সীলগালাকৃত একটি নমুনা গুদামে ও অপরটি ডিলারের নিকট সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। গুদাম হতে খাদ্যশস্য উত্তোলনের সাথে সাথে এসএমএস করে ট্যাগ অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ তদারকি কর্মকর্তা-কে অবহিত করতে হবে;

(৮) কার্ড এর বিপরীতে উপকারভোগীদের মাঝে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত দিনে চাল বিতরণ করতে হবে, ডিলারের বিক্রয় কেন্দ্র সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা রাখতে হবে;

(৯) উপকারভোগী পরিবারকে মাসের বরাদ্দ ৩০ কেজি চাল এক দফায় প্রদান করতে হবে, সাধারণত কার্ডধারী ভোক্তাকে খাদ্যশস্য সরবরাহ করতে হবে, সঙ্গত কারণে কোন কার্ডধারী আসতে না পারলে তার প্রাপ্য খাদ্যশস্য বৈধ প্রতিনিধির নিকট উপস্থিত অফিসার/ মেম্বার/ভোক্তার প্রত্যয়ন পত্র সাপেক্ষে সরবরাহ করা যাবে;

(১০) ডিলার কর্তৃক বিতরণকৃত ও অবিতরণকৃত খাদ্যশস্যের মাস্টাররোল ও হিসাব সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করতে হবে, পরবর্তী মাসের চাহিদা পত্র প্রণয়ন কালে পূর্ববর্তী মাসের অবিকৃত খাদ্যশস্য যদি থাকে সমন্বয় করা হবে;

(১১) প্রতিটি ডিলারের দোকান তদারকির জন্য একজন ট্যাগ অফিসার নিয়োগ করা হবে এবং ট্যাগ অফিসার/তদারকি কর্মকর্তার উপস্থিতিতে খাদ্যশস্য বিক্রয় করতে হবে;

(১২) খাদ্য বিভাগ ও স্থানীয় প্রশাসনের যে কোন কর্মকর্তা ডিলারের কার্যক্রম তদারকি বা পরিদর্শন করতে পারবেন, পরিদর্শনকালে খাদ্যশস্য বিক্রয় বা বিতরণ কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য রেকর্ড পত্র মজুদ রেজিস্টার ইত্যাদি চাহিদা অনুযায়ী ডিলার উপস্থাপন করতে বাধ্য থাকবেন;

(১৩) দি কন্ট্রোল অব অ্যাসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট ১৯৫৬ এর আওতায় ডিলারের বিক্রয় কেন্দ্র ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(১৪) খাদ্যবান্ধব নীতিমালা ২০২৪ ও অঙ্গীকারনামার যে কোনো শর্ত অথবা নিয়োগপত্রের এর যে কোন সত্য লঙ্ঘন করলে বা দেশের প্রচলিত কোন আইন অমান্য করলে ডিলারশিপ বাতিল করা হবে;

(১৫) খাদ্যশস্য আত্মসাৎ বা ঘাটতি হলে অর্থনৈতিক মূল্যের দ্বিগুণ হারে আদায়যোগ্য হবে এবং ডিলারের বিরুদ্ধে ফোজদারী মামলা দায়ের করা হবে; পরপর দুই মাস নির্ধারিত তারিখের মধ্যে উপর্যুক্ত কারণ ব্যতীত খাদ্যশস্য উত্তোলন করতে ব্যর্থ হলে ডিলারশিপ বাতিল হয়ে যাবে;

(১৬) সরকার যে কোনো সময় যে কোনো শর্ত, বিষয় পরিবর্তন, পরিবর্ধন সংশোধন এবং সংযোজন করতে পারবে এবং কার্যক্রমের সময়সীমা বৃদ্ধি এবং সংকুচিত করতে পারবে।

(মোঃ মোবারক হোসেন খান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ)
বরুড়া, কুমিল্লা
+৮৮০১৭১২-৪০৮০৬৭
mobarakhossein1981@gmail.com

স্মারক নং-১৩.০১.১৯০৯.০০১.১৯.০১৩.২৫. ৬৫

তারিখ ১৪/০৮/২০২৫

অনুলিপি : সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১) জেলা প্রশাসক, কুমিল্লা;
২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা;
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা;
৪) উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা;
৫) চেয়ারম্যান/প্রশাসক, বরুড়া উপজেলা;
৬) চেয়ারম্যান/প্রশাসক, বরুড়া পৌরসভা;
৭) উপজেলা কৃষি কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা;
৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া, কুমিল্লা;
৯) উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা;
১০) চেয়ারম্যান/প্রশাসক, ---------------------------------- ইউনিয়ন, বরুড়া, কুমিল্লা;
১১) জনাব -------------------------------------------------------- ট্যাগ অফিসার/তদারকি কর্মকর্তা;
১২) জনাব ------------------------------------------------------------, খাদ্য বান্ধব ডিলার ------------------------ বিক্রয় কেন্দ্র;
১৩) নোটিশ বোর্ড;
১৪) অফিস কপি।

১৪/৮/২৫

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (চঃ দাঃ)
বরুড়া, কুমিল্লা
+৮৮০১৭১২-৪০৮০৬৭
mobarakhossein1981@gmail.com